অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/24/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল মোরোউ লেক স্টেট পার্কের 860-একর সম্প্রসারণ ঘোষণা করলেন

বিগ বেন্ড পয়েন্ট হাডসন নদীতে বিনোদনের সুযোগ প্রদান করবে

ভূমিটি উদ্ভিদ ও বন্য প্রাণীর স্থানীয় প্রজাতির জন্য অসাধারণ বাসস্থান প্রদান করে, যার মধ্যে রয়েছে বিপন্ন কার্নার ব্লু প্রজাপতি

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল সারাটোগা কাউন্টিতে মোরোউ লেক স্টেট পার্কের (Moreau Lake State Park) 860-একর সম্প্রসারণ ঘোষণা করলেন। নতুন ভূমিতে রয়েছে হাডসন নদীর অবিকশিত অংশের তীর ধরে দুর্দান্ত প্রাকৃতিক জীব বাসস্থান যাকে বিগ বেন্ড পয়েন্ট (Big Bend Point) ডাকা হবে।

"বিগ বেন্ড পয়েন্ট অধিগ্রহণ একটি অতি গুরুত্বপূর্ণ জীব বাসস্থান ও আদিম প্রাকৃতিক সম্পদের সুরক্ষা নিশ্চিত করে," **গভর্নর হোকল বলেন।** "প্রতি বছর লাখ লাখ প্রকৃতিপ্রেমী ক্যাম্পিং, সাঁতার এবং এর জনপ্রিয় ট্রেইল নেটওয়ার্ক ঘুরে দেখার জন্য মোরোউ লেক স্টেট পার্কে আসে। এখন যখন সর্বাধিক মানুষ আমাদের পার্কে বেড়াতে আসছে, এই নতুন একরগুলি অঞ্চলে ঘরের বাইরের বিনোদনের বিকল্প সুযোগ বৃদ্ধি করবে এবং দ্রুত বর্ধনশীল সারাটোগা কাউন্টিতে উন্মুক্ত স্থান সংরক্ষণ করবে।"

নিউ ইয়র্ক স্টেট পার্কস (New York State Parks) মোরোউ টাউনে বিগ বেন্ড পয়েন্টে প্রাক্তন লগিং সাইট রক্ষার জন্য ওপেন স্পেস ইন্সটিটিউটের (Open Space Institute, OSI) সাথে অংশীদারিত্ব করেছে। হাডসন নদীর দুই মাইল দিয়ে আবদ্ধ, বিগ বেন্ড পয়েন্টে রয়েছে বিস্তৃত, স্থাপিত লগিং রাস্তা যাকে পুরো বছর হাঁটা, সাইকেলে চালানো, পাখি ও বন্য প্রাণী দেখা, ঘোড়ায় চড়া, এবং ক্রস-কান্ট্রি স্কিইং বা স্নোশুইংয়ের মতো মোটরহীন শীতকালীন ক্রীড়ার কাজে ব্যবহারের যোগ্য ট্রেইল নেটওয়ার্কে পরিণত করা যাবে স্টেট পার্কসের এখানে কার-টপ নৌকা/কায়াক স্থাপন করার এবং মৌসুমী শিকারের অনুমতি প্রদানের পরিকল্পনা আছে।

এর বালিময় মাটি, বিকশিত এলাকা থেকে বিচ্ছিন্নতা, এবং খোলা প্রান্তরের ফলে, বিগ বেন্ড পয়েন্ট উদ্ভিদ ও বন্যপ্রাণীর হাজার হাজার স্থানীয় প্রজাতির জন্য অসাধারণ বাসস্থান প্রদান করে, যেমন ফেডারেলভাবে বিপন্ন কার্নার ব্লু (Karner Blue) প্রজাপতি। গত দুই বছর ধরে, OSI

কার্নার ব্লুয়ের জন্য একটি নতুন বাসা সৃষ্টি করার জন্য একটি জীব বাসস্থান পুনঃস্থাপন প্রকল্পে নিযুক্ত আছে, যা বছরে কমপক্ষে 3,000 বিরল প্রজাতির প্রজাপতিকে সমর্থন করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে।

এছাড়াও অনন্য ভূসংস্থান, জীব বৈচিত্র্য, এবং বিস্তৃত এলাকা মোরোউ লেক স্টেট পার্কের শক্তিশালী প্রাকৃতিক শিক্ষা প্রোগ্রামের (Nature Education) জন্য নতুন গন্তব্য প্রদান করে। স্টেট পার্কস একটি সাইট পরিকল্পনা করছে যার উদ্দেশ্য 2022 সালে দর্শনার্থীদের স্বাগত জানানো।

স্টেট পার্কসের (State Parks) কমিশনার এরিক কুলেসিড বলেন, "মোরোউ পার্কের এই নতুন স্থানের সুযোগকে সমর্থন করা নিউ ইয়র্কের বাসিন্দা ও পর্যটকদের জন্য ঘরের বাইরের বিনোদনের সুযোগ বৃদ্ধির ব্যাপারে গভর্নর হোকলের প্রতিশ্রুতির আরেকটি উদাহরণ। এগুলি হল প্রকৃতি প্রেমীদের জন্য নিউ ইয়র্কের অসাধারণ অঞ্চলে আপার হাডসন নদীর সৌন্দর্য অনুধাবন করতে পারার দারুণ সব জায়গা। নতুন করে জনসাধারণের ব্যবহারের সুযোগ সৃষ্টির জন্য আমি ওপেন স্পেস ইন্সটিটিউটের প্রতি কৃতজ্ঞ।"

OSI-র প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা, কিম এলিম্যান বলেন, "OSI আমাদের 20 বছরের ভূমি সংরক্ষণ প্রচেষ্টা নিয়ে গর্বিত যা মোরোউ লেক স্টেট পার্ককে এর অসাধারণ সৌন্দর্য ও জনপ্রিয় বিনোদন ব্যবস্থার জন্য একে রক্ষা ও সম্প্রসারণের ব্যাপারে সাহায্য করেছে।মোরোউ লেকে OSI-র এই সর্বশেষ সংযোজন দিয়ে, আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে দারুণ এই প্রাকৃতিক গন্তব্যের আকার এখন তিনগুণ হয়েছে, যা শুধু জনগণকে বেড়ানো ও উপভোগের জন্য স্বাগত জানায় না, বরং দ্রুত বর্ধনশীল এই অঞ্চলে অতি গুরুত্বপূর্ণ বন্য প্রাণীর বাসস্থান হিসেবেও কাজ করে।"

স্টেট সিনেটর ড্যাফনি জর্ডান বলেন, "আমি সারাটোগা কাউন্টিতে মোরোউ লেক স্টেট পার্কের ঘোষিত 860-একর সম্প্রসারণ নিয়ে অত্যন্ত আনন্দিত, যেহেতু এখানে রয়েছে হাডসন নদীর একটি অংশের তীর দিয়ে প্রাকৃতিক সৌন্দর্যে ভরা জীবের বাসস্থান।   ভূমিকে তার প্রাকৃতিক অবস্থায় সংরক্ষণ করা এবং নিউ ইয়র্কবাসীর উপভোগের জন্য ট্রেইল ও বিনোদন প্রদান একটি দারুণ ব্যাপার। আমি গভর্নর হোকলের এবং স্টেট পার্কস কমিশনার কুলেসিডের প্রচেষ্টাটির প্রতি সমর্থন এবং আমাদের সরকারি পার্ক ও মূল্যবান প্রাকৃতিক স্থান শক্তিশালী করার ক্ষেত্রে তাদের প্রতিশ্রুতি ও নেতৃত্বের প্রশংসা করছি।"

অ্যাসেম্বলমেম্বার ক্যারি ওয়োর্নার বলেন, "মোরোউ লেক স্টেট পার্ক সম্প্রসারণ ইতিমধ্যেই দারুণ একটি সম্পদের আরো দারুণ সংযোজন। ট্রেইল ও হাডসন নদী সহজে ব্যবহারযোগ্য করার ফলে, এই অধিগ্রহণ যারা আগে থেকেই পার্কের ব্যাপারে জানে তাদের নিঃসন্দেহে খুশি করবে এবং আরো বেশি বিনোদনের সুযোগ প্রদান করবে, যার মধ্যে থাকবে বছর জুড়ে পার্ক উপভোগ করার সুযোগ। এছাড়াও সম্প্রসারণ বৈচিত্র্যময় জীব বাসস্থানের জন্য মূল্যবান এলাকা সংরক্ষণের সুবিধা প্রদান করবে। আমি আমাদের সন্নিকটে বনভূমির এই বিরলতর হতে থাকা অংশটি সুরক্ষার্থে চিন্তাশীল পরিকল্পনার প্রশংসা করছি। "

1.6 মিলিয়ন মার্কিন ডলার দিয়ে ক্রয়কৃত বিগ বেন্ড পয়েন্টটি এনভায়রনমেন্টাল প্রোটেকশন ফান্ড (Environmental Protection Fund) দিয়ে অর্থায়িত হয়েছে। অধিগ্রহণের ফলে মোরোউ স্টেট পার্কের মোট জমি হল 6,250 একর, যার ফলে এটি স্টেট পার্ক সিস্টেমের দশটি বৃহত্তম পার্কের একটি হল। লেক জর্জ (Lake George) ও সারাটোগা স্প্রিংস (Saratoga Springs) উভয়ের কাছে অবস্থিত হওয়ার জন্য, পার্কটি বছরজুড়ে দর্শনার্থীদের আকৃষ্ট করে যেহেতু এখানে বরফে মাছ ধরা, ক্রস কান্ট্রি স্কিইং, স্নোশুইং এবং অন্যান্য শীতকালীন কাজ করা যায়।

গত বিশ বছর ধরে, ওপেন স্পেস ইন্সটিটিউট মোরোউ লেক স্টেট পার্কে 4,250 একরের বেশি যুক্ত করেছে, যার ফলে পার্কার আকার তিনগুণ হয়েছে। এই এলাকায়, OSI তাদের সাউদার্ন পামারটাউন সংরক্ষণ ও বিনোদন পরিকল্পনায় প্রদত্ত রূপরেখা অনুযায়ী মোরোউ লেক এবং সারাটোগা স্পা স্টেট পার্ককে একটি 13-মাইল দীর্ঘ বিনোদন ট্রেইল করিডোর দ্বারা সংযুক্ত করতে অংশীদারদের সাথেও কাজ করছে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন 250 এর বেশি একক পার্ক, ঐতিহাসিক সাইট, বিনোদন ট্রেইল, এবং নৌকা চলাচল দেখাশোনা করে, যা 2020 সালে রেকর্ড সংখ্যক 78 মিলিয়ন মানুষ দেখতে গিয়েছেন। এসব চিত্তবিনোদনের জায়গার যেকোনোটি সম্পর্কে আরো তথ্যের জন্য www.parks.ny.gov ওয়েবসাইট দেখুন, বিনামূল্যে NY স্টেট পার্কস এক্সপ্লোরার (NY State Parks Explorer) মোবাইল অ্যাপ ডাউনলোড করুন অথবা 518.474.0456 নম্বরে ফোন করুন। এছাড়াও, ফেসবুক (Facebook), ইনস্টাগ্রাম (Instagram) ও টুইটারে (Twitter) সংযুক্ত হোন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন